

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর  
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।  
www.roc.gov.bd

স্মারক নং-২৬.০৬.০০০০.০৯৩.০১.০৭২.১৯. ২৩৪০(৯)

তারিখ : ২৬/১২/২০২১ খ্রিঃ


পরিপত্র

**বিষয়ঃ স্বয়ংক্রিয় পদ্ধতিতে মডেল সংঘবিধি (Article of Association) প্রনয়ন ও অনলাইনে রেকর্ডকৃত ফরম ৪ এর ইলেকট্রনিক স্বাক্ষর যুক্ত সার্টিফাইড কপি প্রদান প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে সেবা সহজীকরণ ও ব্যবসা বাহ্যক পরিবেশ সৃষ্টিতে নিবন্ধন প্রক্রিয়ায় কতিপয় সংস্কারমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কার্যক্রমের অংশ হিসেবে এই অর্থবছরে কতিপয় সেবাকে ডিজিটাল সেবায় রূপান্তর করা হয়েছে যা নিম্নরূপঃ

- ক) বিদ্যমান নিবন্ধন প্রক্রিয়ায় উদ্যোক্তাগণকে কোম্পানি আইন ১৯৯৪ এর তফসিল-১ অনুযায়ী সংঘবিধি প্রস্তুত করতে হয়। এই সংস্কারের মাধ্যমে কোম্পানি আইন অনুসারে কোম্পানির ধরন অনুযায়ী মডেল সংঘবিধি প্রস্তুত করা হয়েছে।
- খ) আবেদনকারী প্রচলিত নিয়মেই সংঘস্মারক ও উদ্যোক্তাগণের বিবরণ পূরণ করবেন। আরজেএসসি অনলাইন সিস্টেম স্বয়ংক্রিয় ভাবে প্রস্তুত কোম্পানির জন্য প্রযোজ্য মডেল সংঘবিধিতে প্রযোজ্য তথ্য (কোম্পানির নাম, কোরাম সংখ্যা, সর্বোচ্চ পরিচালকের সংখ্যা, ব্যবস্থাপনা পরিচালক এর মেয়াদ, পরিচালকের যোগ্যতামূলক শেয়ার ইত্যাদি) বসিয়ে সংঘবিধি প্রস্তুত করবে। আবেদনকারী প্রস্তুত কোম্পানির জন্য চূড়ান্ত সংঘবিধি দেখে নিতে পারবেন।
- গ) সংঘস্মারক পূরণ করে অনলাইন আবেদন ফরম চূড়ান্তভাবে দাখিল করলে নিবন্ধন ফি জমা প্রদান সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।
- ঘ) বর্তমান এই সংস্কারে অনলাইন নিবন্ধন প্রক্রিয়া পূর্বের মত সম্পন্ন হবে শুধু মাত্র সংঘবিধি মডেল অনুযায়ী স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রস্তুত হবে এবং গ্রাহকের সময়ের সাশ্রয় হবে।
- ঙ) পূর্বে ফরম-৪ সার্টিফাইড কপি ম্যানুয়ালি স্বাক্ষর করে প্রদান করা হত। সার্টিফাইড কপি গ্রহণ করার জন্য উদ্যোক্তাগণকে এ অফিসে আসার প্রয়োজন হত। এই সংস্কারের মাধ্যমে উদ্যোক্তাগণ ঘরে বসেই ইমেইল এ অনলাইনে রেকর্ডকৃত ফরম-৪ (অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধি) এর ইলেকট্রনিক স্বাক্ষর যুক্ত সার্টিফাইড কপি পেয়ে যাবে।

আগামী ১ জানুয়ারি ২০২২ থেকে এটি কার্যকর হবে।

  
শেখ শোয়েবুল আলম এমডি  
নিবন্ধক (অতিরিক্ত সচিব)  
ফোন (অফিস): +৮৮ ০২৮১৮৯৪০১  
ফ্যাক্স: +৮৮ ০২৮১৮৯৪০২  
registrar@roc.gov.bd

বিতরণ (অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডি)।
- ৩। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত নিবন্ধক, অতিরিক্ত নিবন্ধকের দপ্তর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
- ৫। উপ নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম।
- ৬। প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (ওয়েবসাইটে ও আবেদন দাখিল ওয়েব পেইজে প্রকাশের জন্য)।
- ৭। সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা।
- ৮। এক্সামিনার অব একাউন্টস/ইন্সপেক্টর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/খুলনা/রাজশাহী/চট্টগ্রাম।
- ৯। কম্পিউটার অপারেটর (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১০। উচ্চমান সহকারী (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১১। হিসাবরক্ষক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১২। সার্টিফিকার কাম-কম্পিউটার অপারেটর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১৩। ক্যাশিয়ার (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১৪। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সকল), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১৫। নিবন্ধক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।
- ১৬। অফিস কপি, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা।